

গৃহপ্রবেশ
টমাস স্মিথ (১৯৪৮)

আমার স্বপ্নে আমিই প্রথম গির্জে থেকে এসে
পুরোনো বাড়িটায় পৌঁছালাম। ফাঁকফোঁকর দিয়ে
হুশ হুশ করে ঢুকে পড়ছে বাতাস আর রাত।
ঠেলে ঢুকলাম ভিতরে, জ্বালিয়ে দিলাম বাতি,
আগুন ধরালাম স্টেভে। তুষারজমা ওককাঠগুলি
বিধল এসে আমার আঙুলে; বেশ ভালোরকমই
ব্যথা, হিম-হয়ে-যাওয়া ঝাড়নের হাতল ধরে
বরফ সরাতে গিয়ে লাল হয়ে উঠল হাত।
ত্রিসমাস ইন্ডের দিন একটা ওম পাবার জায়গা
বানিয়ে তুলছি আমার মা-বাবার জন্য, ভাইবোনদের জন্য,
ঠাক্মা-ঠাকুর্দার আর আমার সব আত্মজনের জন্য,
কেউই মারা যায়নি, কেউই হারিয়ে যায়নি, কেউ কারো ওপর
রেগে নেই, বনপথের মধ্য দিয়ে এগিয়ে আসছে সবাই।

শঙ্খ ঘোষ

